

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
সিলেট সদর উপজেলা, সিলেট।  
ই-মেইল: [dphe sylhetsadar@gmail.com](mailto:dphe sylhetsadar@gmail.com)  
ওয়েব-পোর্টাল: [dphe.sylhetsadar.sylhet.gov.bd](http://dphe.sylhetsadar.sylhet.gov.bd)

স্মারক নং: ৪৬.২০৩.৯১৬২.৩০১.১৪.০৮৮.২৪-১৫৫

তারিখ: ০১/০৭/২০২৫ খ্রিঃ।

বিষয়: “বন্যায় ক্ষতিগ্রস্ত পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুনঃনির্মাণে জরুরী সহায়তা প্রকল্প” আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দকৃত নলকূপ সমূহের কাজ শুরু করা প্রসঙ্গে।

সূত্র: ১. নিঃ, প্রঃ, জঃস্বাঃপ্রঃঅঃ, সিলেট বিভাগ, সিলেট মহোদয়ের দপ্তর কার্যাদেশ নং: ৪৬.০৩.৯১০০.০৬১.০৭.১৮৩.২০-২৪৯,  
তারিখ: ০৫/০৩/২০২৫ খ্রিঃ(ইজিপি টেন্ডার আইডি নং: 1002477, প্যাকেজ নং: DPHE/W-5A/Deep TW-1)

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সিলেট সদর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে ১৮০ টি গভীর নলকূপের সাথে সাব-মার্সিবল পাম্প (TSP) স্থাপন কাজের জন্য ০১ নং সূত্র মোতাবেক কার্যাদেশ প্রাপ্ত হন। কার্যাদেশ মোতাবেক উক্ত কাজের মেয়াদ ২৫/১২/২০২৫ খ্রিঃ তারিখে শেষ হবে। কার্যাদেশের তারিখ হতে প্রায় ০৪ মাস অতিবাহিত হলেও অদ্যাবধি পর্যন্ত কাজ শুরু করেননি। কার্যাদেশ প্রাপ্তির পর অত্র দপ্তর কর্তৃক আপনার সাইট ম্যানেজারগণকে দ্রুত মালামাল পরিষ্কা করে কাজ শুরু করার জন্য মৌখিকভাবে অনুরোধ করা হয়েছিল কিন্তু অদ্যাবধি পর্যন্ত কোন কাজ হয়নি যা অনভিপ্রেত। উপজেলা ওয়াসান কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকা অনেক আগেই অত্র দপ্তরে পাওয়া গেছে, ফলশ্রুতিতে একদিকে জনপ্রতিনিধিগণ অন্যদিকে গভীর নলকূপের সাথে সাব-মার্সিবল পাম্প (TSP) এর তত্ত্বাবধায়কগণ দ্রুত কাজ করার জন্য অত্র দপ্তরকে তাগিদ প্রদান করছে। এমতাবস্থায়, সার্বিক দিক বিবেচনাপূর্বক দ্রুত নলকূপ মালামাল পরিষ্কা করে কাজ শুরু করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

“বিষয়টি জরুরী”

প্রাপক: Katha & DAA JV

২১, ওসমানগনি রোড, দত্তপাড়া  
গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর, বাংলাদেশ


  
(মোহাম্মদ লায়ের মিয়া তালুকদার)  
সহকারী প্রকৌশলী

স্মারক নং: ৪৬.২০৩.৯১৬২.৩০১.১৪.০৮৮.২৪-১৫৫/১(২)

তারিখ: ০১/০৭/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো:

১. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট
২. অফিস নথি

  
সহকারী প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
সিলেট সদর উপজেলা, সিলেট।